

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০

একুশে একুশে টেলিভিশন লিমিটেড
E/TV Ekushey Television Limited
পরিবর্তনে অঙ্গিকারবদ্ধ
(<https://www.ekushey-tv.com/>)

🏠 প্রচ্ছদ / রাজধানী

‘ঢাকাকে নিয়ে আনিসুল হকের স্বপ্ন বাস্তবায়ন করতে হবে’

🕒 প্রকাশিত : ১০:৪৪ পিএম, ২ ডিসেম্বর ২০১৮ রবিবার





মেয়র আনিসুল হক ছিলেন বহুবিধ মানবিক গুণাবলির অধিকারি। তিনি নিজে স্বপ্ন দেখতেন। স্বপ্ন দেখাতে ভালোবাসতেন। দৃঢ়তার সঙ্গে সেই স্বপ্নকে বাস্তব করেও স্বপ্ন পূরণ হয়নি। তাই ঢাকাকে নিয়ে দেখা আনিসুলের সব স্বপ্ন আমাদের পূরণ করতে হবে।

রোববার (২ ডিসেম্বর) বিকালে রাজধানীর বিজিএমইএ ভবনে প্রয়াত মেয়র আনিসুল হকের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক স্মরণসভায় বক্তারা এসব কথা সাবেক সভাপতি ও ব্যবসায়ী নেতা আনিসুল হক এর প্রথম মৃত্যুবার্ষিকীতে এই অনুষ্ঠানের আয়োজন করে তৈরি পোশাক মালিকদের সংগঠন বাংলাদেশ রফতানিকারক সমিতি (বিজিএমইএ)।

আনিসুল হকের স্ত্রী রুবানা হক বলেন, ‘মানুষের জীবন তো আর শরীর নয়, আত্মা বটে। তার আত্মিক উপস্থিতি আমার বোধ করি এবং বিশ্বাস করি তিনি আমাদের আমাদের এক বড় ভাই বলছিলেন তিনি (আনিসুল হক) বোকা এবং পাগল একটা মানুষ। এই বোকা এবং পাগল মানুষটি হয়তোবা আপনাদের সকলের দোয়ায় যে তিনি আরও বলেন, ‘ব্যবসায়ী হলেই দরজার এই পাশে এক কথা, বাইরে গিয়ে আরেক কথা বলতে হয় না। আনিস কখনও বলে নাই। আনিস সাংঘাতিক সোজা এবং কখনও কারো বদনাম করেননি, যতোটুকু পেরেছেন ততোটুকু সাহায্য করার চেষ্টা করেছেন, যখন পারেননি তখন অক্ষমতা প্রকাশ করেছেন। উনি যেখানে ওইখানে বাগান সাজাচ্ছেন, রাস্তা গোছাচ্ছেন।’

এফবিসিসিআই সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বলেন, ‘আনিসুল হক একজন সাহসী মানুষ, তার এই গুণটি আমাকে সবচেয়ে বেশি আকর্ষণ করতো। তিনি নেগোশিয়েট করতেন। আনিসুল হক অন্যান্যের বিরুদ্ধে লড়ে সবার হৃদয়ে বেঁচে আছেন।’

বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান বলেন, ‘আনিসুল হক কোনো কাজ করতে চাইলে করে দেখিয়েছেন। উত্তর সিটিতে প্রতিনিয়তই এখনও ওনার ছোঁয়া পা মাঝে বেঁচে আছেন।’

বিজিএমইএ’র সাবেক সভাপতি আতিকুল ইসলাম বলেন, ‘উনি সাধারণ মানুষ নন। কারণ সাধারণ মানুষ কোন একটি ক্ষেত্রে ভালো করে, সব ক্ষেত্রে নয়। কিন্তু অসাধারণ।’ আনিসুল হকের স্বপ্ন পূরণের প্রত্যয়ের কথাও জানান আতিকুল ইসলাম।

আনিসুল হকের স্মৃতিকথা নিয়ে তার পরিবারকে বই প্রকাশের আহ্বান জানান এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এ কে আজাদ।

আনিসুল হকের ভাই সাবেক সেনাপ্রধান আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, ছেলে নাভিদুল হক এবং ব্যবসায়ী সংগঠনের একাধিক নেতা অনুষ্ঠানে বক্তব্য রাখেন।
আরকে//